

শ্রাবনের উচ্ছ্বাস

সমর্পিত শ্লোগানে মূখর,
ঋতুর পালা বদল
কদম ফুলের মোহে ।

বর্ষালী লাজে লুকানো মুখ
তোমার যখন; গুড়ি গুড়ি শ্রাবনে
ভেজা আঁচলে করে ভালবাসা
আমাকে দাও না যখন,
অনুরাগী অভিমানী প্লাবনে
আমিই ছুটে আসি জ্বলোচ্ছ্বাসে
ভালবেসে প্রচন্ড উচ্ছ্বাসে ।

পণ করি
তোমাকে একাত্ম করব নিজের মাঝে
বৃষ্টির জল ভেবে, অদম্য প্রয়াসে ।

জাভেদ আকতার
প্রথমকবিতা@জিমেইল.কম ।